# ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদের ২৮/১২/২০২৫ইং তারিখের অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান, ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্থানঃ ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ সভা কক্ষ
ঘোড়াঘাট, দিনাজপুর।
তারিখঃ ২৮-১২-২০২৫ইং
সময়ঃ বেলা ১১:০০ ঘটিকা

**সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে)**

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব, মোঃ সাজ্জাদ হোসেন | স্বাক্ষরিত/- |
| ০২ | জনাব, মোঃ আব্দুল মালেক মন্ডল | " |
| ০৩ | জনাব, মোঃ ওয়াহেদুজ্জামান | " |
| ০৪ | জনাব, মোঃ সোনা মিয়া মোল্লা | " |
| ০৫ | জনাব, মোঃ গোলাম রব্বানী | " |
| ০৬ | জনাব, মোঃ আজাদুল ইসলাম | " |
| ০৭ | জনাব, মোঃ মঞ্জুর রহমান | " |
| ০৮ | জনাব, মোঃ আতিয়ার রহমান | " |
| ০৯ | জনাব, মোঃ মফিজুল হক | " |
| ১০ | জনাব, মোঃ আয়নুল ইসলাম | " |
| ১১ | জনাব, মোছাঃ মুরশিদা বেগম | " |
| ১২ | জনাব, মোছাঃ রাহেনা বেগম | " |
| ১৩ | জনাব, চন্দনা রানী | " |

আলোচ্য বিষয়ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ী করন।
২। জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে আলোচনা।
৩। ষান্মাসিক প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ সম্পর্কে আলোচনা।
৪। জুলাই থেকে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত আয় ও ব্যয় সম্পর্কে আলোচন।
৫। বিবিধ।

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ সাজ্জাদ হোসেন, চেয়ারম্যান ৩নং সিংড়া ইউপি এর সভাপিত্বে সভার কাজ আরম্ভ হয়। স্বাগত বক্তব্যে সভাপতি সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন শুনান। উহাতে আর কোন সংযোজন ও বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচনাকালে সভাপতি সাহেব এর অনুমতিক্রমে ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা জানান যে, ১লা জানুয়ারি/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত অত্র ইউনিয়নের ০-৩৬৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন লক্ষ্যমাত্রা ৬২৬ জন, নিবন্ধন হয়েছে ৬৪১ জন এবং মৃত্যু সম্ভাব্য লক্ষ্যমাত্রা ২০২ জন, নিবন্ধন হয়েছে ২০৪ জন। সকলের সহযোগীতায় গড় লক্ষ্যমাত্রা ১০২% অর্জিত হয়েছে। এজন্য ইউপি চেয়ারম্যান, সদস্য ও গ্রাম পুলিশদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>সিদ্ধান্তঃ</u> অতপর আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে এ ধারা অব্যাহত রাখতে সকলে সহযোগীতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩নং আলোচনাকালে সভাপতি সাহেবের অনুমতিক্রমে ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা জানান যে, জুলাই/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত ষান্মাষিক প্রতিবেদন প্রস্তুত করা প্রয়োজন এবং ৩১ জানুয়ারি ২০২৬খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার নির্দেশনা রয়েছে।

<u>সিদ্ধান্তঃ</u> অতপর আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে ৩১ জানুয়ারি ২০২৬খ্রি. তারিখের মধ্যে ষান্মাসিক প্রতিবেদন প্রস্তুত পূর্বক প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা সভাপতি মহোদয় গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

28/12/25

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

৪নং আলোচনাকালে সভাপতি সাহেবের অনুমতিক্রমে ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা জুলাই/২৫ হতে ডিসেম্বর/২৫ মাসের আয় ও ব্যয় খাতওয়ারী সভায় উপস্থাপন করেন। যাহা নিম্নরূপ।

**আয় ও ব্যয় বিবরণী**

| ক্রঃ নং | আয় | | | ব্যয় | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | খাতের নাম | মাসের নাম | টাকা | খাতের নাম | মাসের নাম | টাকা | |
| ০১ | ট্রেড ফি | | ৪৭৪০০ | মনিহারী ব্যয় | | ১২৫৮১৩ | |
| ০২ | ব্যবসা, পেশা ও জীবিকার কর | | ১২৮৪০০ | আপ্যায়ন | | ৪০৯৫০ | |
| ০৩ | জেলা প্রশাসক কর্তৃক প্রাপ্তি | | ৩৫০০০ | ব্যাংক চার্জ | | ৩৩১ | |
| ০৪ | ব্যাংক সুদ | | ১৬ | সাহায্য | | ৮১০০০ | |
| ০৫ | জন্ম নিবন্ধন ও ওয়ারিশন ফি | | ১২০৭০০ | বিবিধ | | ১৭৮০০০ | (ওয়েব সাইট বিল, এম্বুল্যান্স মেরামত ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা) |
| ০৬ | সকল প্রত্যয়ন পত্র ফি | জুলাই/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ | ১৩২০০ | বিদ্যুৎ বিল | জুলাই/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ | ৪২৭৯১ | |
| ০৭ | খেয়াঘাট ইজারা বাবদ প্রাপ্তি (ইউএনও কর্তৃক) | | ২২৩১২১ | চেয়ারম্যান ও সদস্যদের সম্মানী ভাতা | | ১৭৪৮০০ | |
| ০৮ | | | | জন্ম নিবন্ধন চালান জমা | | ৭৮৩০০ | |
| ০৯ | | | | প্রকল্প ব্যয়<br>(ক) যোগাযোগ<br>(খ) পয়নিষ্কাশন<br>(গ) বৃক্ষ রোপন<br>(ঘ) ধর্মীয় প্রতিষ্ঠান | | <br>৪০০০০০<br>৩০৪৫০০<br>১৯৯৯৯০<br>৪৬৯৯৯০ | |
| | | মোট = | ৫৬৭৮৩৭ | | মোট = | ২০৯৬৪৬৫ | |
| | | প্রারম্ভিক স্থিতি = | ১৫৩২৫১৮ | | সমাপনি জের = | ৩৮৯০ | |
| | | সর্বমোট = | ২১০০৩৫৫ | | সর্বমোট = | ২১০০৩৫৫ | |

উপরোক্ত আয় ও ব্যয় গুলো যাচাই বাছাইঅন্তে ব্যয় ভাউচার গুলো সঠিক থাকায় ভাউচার গুলো সভায় অনুমোদন করা হয়।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১২/২৫
সভাপতি
(মোঃ সাজ্জাদ হোসেন)
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্মারক নং-৪৬.০০.৪৩৭৬.০০০.০২.০১৭.২৫- ১৬৩

তারিখঃ ৩১/১২/২০২৫খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-</u>

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর।
৩। অফিস কপি।

২৪/১২/২৫
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।